

## বাবুফে মাননীয় সভাপতির মাসিক বিবৃতি (ফেব্রুয়ারী ২০২৩)

ফেব্রুয়ারী মাস ভাষার মাস। ১৯৫২ সালের এই মাসে আমাদের মাতৃভাষা বাংলার অধিকার ও মর্যাদা রক্ষায় ছাত্র-জনতা জীবনের ঝুঁকি নিয়ে রাজ পথে নামে এবং তাদের রক্তের বিনিময়ে অর্জিত এই মহান বাংলা ভাষা। ২১শে ফেব্রুয়ারী শুধু বাঙালীর জন্যই নয় বরং বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃত। ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারীতে নিহত শহীদদের প্রতি আমার বিনম্র শ্রদ্ধা।

বাংলাদেশ ফুটবল ফেডারেশন দেশের ফুটবলের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমাদের প্রধান উদ্দেশ্য হলো ফুটবলের মাধ্যমে পরিবর্তন আনা এবং সেই পরিবর্তনগুলো কিভাবে ফুটবল এবং এর সাথে জড়িত খেলোয়াড়, কোচ, সমর্থক, কর্মকর্তা-কর্মচারী ও সেচ্ছাসেবকসহ সবাইকে একত্রিত করে উন্নয়ন সাধন করতে পারে সেই বিষয়গুলো নিশ্চিত করা। দেশের জার্সি গায়ে জড়িয়ে মাঠে নামা এবং দেশের হয়ে প্রতিনিধিত্ব করার অনুভূতি ভাষায় প্রকাশ করার নয়।

বাংলাদেশ ফুটবল ফেডারেশন ফুটবলের উন্নয়নের দীর্ঘমেয়াদী পরিকল্পনা অনুযায়ী খেলাধুলাকে কিভাবে দেশের সর্বস্তরে পৌঁছানো যায় এবং কিভাবে আরও সুযোগ সুবিধা বৃদ্ধি করা যায় সেই ব্যাপারে সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। ফুটবলের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে আমাদের তৃণমূল পর্যায়ের অবকাঠামো শক্তিশালী করনসহ সেখানে সার্বিক বিষয়ে সহযোগিতা বৃদ্ধি করা আবশ্যিক। যদিও আমরা অর্থনৈতিক স্বল্পতার সাথে লড়াই করে যাচ্ছি তবুও আমরা সাধ্যমত চেষ্টা করছি ফুটবলকে এগিয়ে নিয়ে যাবার। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের বয়সভিত্তিক দলগুলোর ধারাবাহিক সাফল্যসমূহ এইসকল উন্নয়নমূলক কাজ করার বিষয়ে অনুপ্রেরণা যোগায়। দেশের ফুটবলের উন্নয়নের জন্য আমরা বিভিন্ন শেয়ার হোল্ডার, পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান এবং কর্পোরেট সংস্থাগুলোর সাথে নিয়মিত যোগাযোগ করে আসছি এবং তাদের মতামত ও চাহিদা পূরণের মাধ্যমে দেশের ফুটবলকে একটি স্বনির্ভর পর্যায়ে পৌঁছানোর ব্যাপারে আমি বদ্ধ পরিকর। ফুটবলের উন্নয়নে অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠানের ইতিবাচক অবদান রয়েছে। আমি মনে প্রানে বিশ্বাস করি ভবিষ্যতে আরও অনেক ফুটবল প্রেমী ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ সামনে এগিয়ে আসবে। ফুটবল এমন একটি খেলা যার মাধ্যমে দেশের সর্ব স্তরের মানুষকে ধর্ম, জাত, মান নির্বিশেষে একত্রিত করা সম্ভব।





### সাফ অ-২০ মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২৩:

সাফ বিজয়ী নারী ফুটবল দলকে অনুসরণ করে আমাদের অ-২০ নারী ফুটবল দলও সাফে তাদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছে। এটা নিঃসন্দেহে আমাদের মহিলা ফুটবলের জন্য আরও একটি বড় অর্জন যার ফাইনালে প্রতিবেশী দেশ নেপাল অ-২০ নারী জাতীয় দলকে পরাজিত করে দেশের মাটিতে গ্যালারী ভর্তি দর্শকের সামনে গর্বের সাথে আমাদের দল ট্রফি উচিয়ে ধরে। সাফে আমাদের নারী ফুটবলের এই অর্জন সমূহ ইঙ্গিত দেয় যে আমাদের দেশের ফুটবল এগিয়ে যাচ্ছে। এখন আমাদের পরবর্তী চ্যালেঞ্জ হলো এশিয়ার ফুটবলে আরও উন্নত ও সমৃদ্ধ দেশগুলোর সাথে বেশি বেশি ম্যাচ আয়োজন করা এবং মেয়েদের ফুটবলের উন্নয়নের ধারাকে আরও গতিশীল করে তোলা।

### বায়ুফে এএফসি গ্রাসরুটস কোচিং কোর্স ২০২৩:

দেশের সকল স্তরের প্রশিক্ষকদের জন্য আমাদের সমর্থন এবং উন্নয়নের অংশ হিসাবে প্রথমবারের মত বায়ুফের ব্যবস্থাপনায় ও কক্সবাজার জেলা ফুটবল এসোসিয়েশনের সহযোগিতায় 'বায়ুফে এএফসি গ্রাসরুট কোচিং কোর্স ২০২৩' আবাসন সুবিধাসহ কক্সবাজার জেলা ফুটবল স্টেডিয়ামে সফলভাবে সম্পন্ন করা হয়। আমি কক্সবাজার জেলা ফুটবল এসোসিয়েশনকে এবং কক্সবাজারের সহকর্মীদের তাদের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই। চলমান উন্নয়নের ধারাবাহিকতায় সারা দেশব্যাপী তৃণমূলের কোচদের উন্নয়ন এবং আত্মহের কথা বিবেচনা করে ঢাকার বাইরে উক্ত কোর্সের আয়োজন অত্যন্ত সফল ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সকলের প্রশংসা কুড়িয়েছে।

### এএফসি এলিট মহিলা রেফারি:

দেশের প্রথম মহিলা রেফারি হিসেবে সালমা আক্তার মনি এএফসি এলিট মহিলা রেফারি এবং সহকারী মহিলা রেফারিং প্যানেলে অন্তর্ভুক্ত হওয়ায় আমি অত্যন্ত আনন্দিত এবং গর্বিত। ইহা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় অর্জন। সালমা আক্তার মনি ২০১৩ সালে তার রেফারিং ক্যারিয়ার শুরু করেন এবং গত ২০২১ সালে ফিফা সহকারী রেফারী হিসাবে আন্তর্জাতিক রেফারি হবার গৌরব অর্জন করেন। এছাড়াও তিনি দেশের প্রফেশনাল লীগের একজন সফল রেফারি হিসেবে কয়েকটি ম্যাচ পরিচালনা করেন। আমি তার সার্বিক মঙ্গল কামনা করি।

### শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস ২০২৩ (পুরুষ ও মহিলা):

দ্বিতীয় বারের মত সফলভাবে আয়োজিত হচ্ছে "শেখ কামাল বাংলাদেশ যুব গেমস ২০২৩" এর আসর। দেশের ৮ (আট) টি বিভাগের অংশগ্রহণে আয়োজিত খেলাসমূহ পল্টন আউটার স্টেডিয়ামে (পুরুষ) ও মতিঝিলস্থ বায়ুফে আর্টিফিসিয়াল টার্ফে (মহিলা) চলমান রয়েছে। পুরুষ ও মহিলা বিভাগের ফাইনালে উন্নিত দলগুলোর প্রতি আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা রইলো। আমি আশা করি এই টুর্নামেন্ট থেকে আমরা নতুন নতুন প্রতিভাবান খেলোয়াড় পাবো যারা ভবিষ্যতে আমাদের জাতীয় দলের জার্সি গায়ে দেশের প্রতিনিধিত্ব করবে।

### আর্জেন্টিনার পররাষ্ট্রমন্ত্রী এবং প্রতিনিধিদের বায়ুফে ভবন পরিদর্শন:

আর্জেন্টিনার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী Mr. Santiago Cafiero এবং আর্জেন্টিনার স্বনামধন্য ক্লাব Club Athletico River Plate এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ২৮ ফেব্রুয়ারী ২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় মতিঝিলস্থ বায়ুফে ভবনে আগমন করতঃ বাংলাদেশের ফুটবলের কার্যক্রম ও উন্নয়ন সম্পর্কে আলোচনার লক্ষ্যে বায়ুফে সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহউদ্দীনসহ বায়ুফে কার্যনির্বাহী কমিটির সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পরবর্তীতে মাননীয় মন্ত্রী বায়ুফে আর্টিফিসিয়াল টার্ফে অ-১৭ মহিলা জাতীয় ফুটবল দলের খেলোয়াড়দের অংশগ্রহণে প্রদর্শনী ফুটবল ম্যাচ উপভোগ করেন এবং ম্যাচ শেষে পুরস্কার বিতরণ করেন।